দৈনিক
ইনকিলাব

তারিখ 0 5 NOV 2008
পৃষ্ঠা ৫ কলাম ৭

# বেসরকারী কলেজ শিক্ষক কর্মচারীদের ক্ষেত্রে বৈষম্য মোটেই সমর্থনযোগ্য নয়

## —জাতীয় বিশ্ববিদ্যালয় ভিসি

বরিশাল ব্যুরো : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. এম মোফাখখারুল ইসলাম বলেছেন, সরকারী ও বেসরকারী কলেজের শিক্ষক-কর্মচারীদের মধ্যে বিরাজমান বৈষম্য কোনক্রমেই সমর্থনযোগ্য নয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বেসরকারী কলেজ শিক্ষক-কর্মচারীদের জন্য যা যা করণীয় তা করা হবে। তিনি গতকাল বরিশালে সমাজ সেবা আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র মিলনায়তনে বরিশাল অঞ্চলের বেসরকারী কলেজ শিক্ষক সমিতি আহূত 'শিক্ষার জন্য শিক্ষায়ন চাই' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন।

বরিশালের এ.করিম আইডিয়াল কলেজের প্রিন্সিপাল এম এ রব-এর সভাপতিত্বে ও সেমিনারে বিশেষ অতিথি ছিলেন বরিশাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ মোর্তজা আলীউল কবির। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে খুলনা বিশ্ববিদ্যালয়ের সাবেক ট্রেজারার প্রফেসর মাহফুজুল হান্নান, শিক্ষক নেতা প্রিন্সিপাল হারুনুর রশীদ পাঠান, প্রিন্সিপাল মুজিবর রহমান ও প্রফেসর ড. এ কে এম আবদুল্লাহ বক্তব্য রাখেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি তার বক্তব্যে বলেন, যেসব বেসরকারী শিক্ষক এমপিওভুক্তি থেকে বাদ পড়েছেন, তাদের ছাড় দেয়া হবে। বর্তমানে বেসরকারী কলেজ শিক্ষকদের সহকারী অধ্যাপকের পদে আর কোন পদোন্নতি হচ্ছে না। ইনশাআল্লাহ সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির ব্যবস্থা নেয়া হবে। তবে তিনি সকল শিক্ষকদের প্রতি মনেপ্রাণে শিক্ষার্থীদের পাঠদানের আহবান জানান।

বেসরকারী কলেজ শিক্ষকবৃন্দ প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দকে অনুষ্ঠানে ফুলেল শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে বেসরকারী কলেজ শিক্ষক-কর্মচারীদের জীবন-জীবিকার মান উন্নয়নে ভিসির কাছে ১৩ দফা সুপারিশও তুলে ধরা হয়।

এদিকে গতকাল বরিশাল বিএম কলেজ মিলনায়তনে অভিন্ন গ্রেডিং পদ্ধতি বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের শিক্ষকদের এক ওরিয়েন্টেশন প্রোগ্রাম'-এ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. মোফাখখারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডীন মোহাম্মদ বিন কাসেম ছাড়াও বিএম কলেজের প্রিন্সিপাল ড. মোহাম্মদ ইউনুসসহ কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দও বক্তব্য রাখেন। দিনব্যাপী এ ওরিয়েন্টেশন প্রোগ্রামে বিভিন্ন কলেজের বিপুলসংখ্যক শিক্ষক অংশ নেন।